# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১১৫৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯. তৃতীয় অনুচ্ছেদ - দু’বার সালাত আদায় করা

### আরবী

وَعَنْ سُلَيْمَانَ مَوْلَى مَيْمُونَةَ قَالَ: أَتَيْنَا ابْنَ عُمَرَ عَلَى الْبَلَاطِ وَهُمْ يُصَلُّونَ. فَقُلْتُ: أَلَا تُصَلِّي مَعَهُمْ؟ فَقَالَ: قَدْ صَلَّيْتُ وَإِنِّي سَمِعْتُ رَسُول الله يَقُولُ: «لَا تُصَلُّوا صَلَاةً فِي يَوْمٍ مَرَّتَيْنِ» . رَوَاهُ أَحْمد وَأَبُو دَاوُد وَالنَّسَائِيّ

### বাংলা

১১৫৭-[৮] উম্মুল মু’মিনীন মায়মূনাহ্ (রাঃ)-এর মুক্ত গোলাম সুলায়মান (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, একবার আমরা ’আবদুল্লাহ ইবনু ’উমার (রাঃ)-এর নিকট বালাতে (মসজিদের আঙিনায়) আসলাম। সে সময় মানুষেরা মসজিদে (জামা’আতে) সালাত আদায় করছিল। আমরা ইবনু ’উমার (রাঃ)-কে জিজ্ঞেস কাছে আবেদন করলাম, আপনি লোকদের সঙ্গে (জামা’আতে) সালাত আদায় করছেন না কেন? জবাবে ’আবদুল্লাহ ইবনু ’উমার (রাঃ) বললেন, আমি সালাত আদায় করে ফেলেছি। আর আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, তোমরা একই দিনে এক সালাত (সালাত/নামায/নামাজ) দু’বার আদায় করবে না। (আহমাদ, আবূ দাঊদ, নাসায়ী)[1]

### ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৫৭৯, নাসায়ী ৬৮০, ইবনু খুযায়মাহ্ ১৬৪১, ইবনু হিব্বান ২৩৯৬, মু‘জামুল কাবীর ১৩২৭০।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: لَا تُصَلُّوا صَلَاةً فِي يَوْمٍ مَرَّتَيْنِ “একই দিনে একই সালাত দু’বার আদায় করবে না।”

ইমাম শাওকানী বলেন, এ হাদীসটি তাদের দলীল যারা বলেন যে, কোন ব্যক্তি একবার জামা‘আতে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করার পর পুনরায় জামা‘আত পেলে তিনি আর পুনর্বার জামা‘আতে শরীক হবেন না। সে জামা‘আত যেমনই হোক না কেন। কেননা জামা‘আতের ফাযীলাত তিনি প্রথম জামা‘আতের মাধ্যমেই

অর্জন করেছেন। এ হাদীসটি পূর্বে বর্ণিত ঐ হাদীস বিরোধী যাতে ইবনু ‘উমার (রাঃ) ফাতাওয়া দিয়েছেন যে, জামা‘আত পেলে তিনি পুনরায় জামা‘আতে শরীক হবেন। এ দুই বিপরীতমুখী হাদীসের সমন্বয়ের ব্যাপারে ‘আলিমগণ ভিন্নমত পোষণ করেছেন।

(১) এ হাদীসটি তাদের বেলায় প্রযোজ্য যারা জামা‘আতে সালাত আদায় করেছেন। তারা পুনরায় ঐ সালাত আদায় করবে না। আর অন্য হাদীসটি তাদের জন্য প্রযোজ্য যারা একাকী সালাত আদায় করেছে। তারা পুনরায় জামা‘আত পেলে জামা‘আতে শরীক হবে।

(২) ইবনু ‘উমার (রাঃ) থেকে বর্ণিত এ হাদীসের উদ্দেশ্য হল দ্বিতীয়বার ফারযের (ফরযের/ফরজের) নিয়্যাতে সালাত আদায় করবে না বরং প্রথম সালাতকে ফরয সালাত গণ্য করবে। আর পরের সালাত নফলের নিয়্যাতে আদায় করবে।

(৩) বিনা কারণে একই দিনে এক সালাত  দু’বার আদায় করবে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55717

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন